

তারিখ: ... ..  
... .. কলাম: ... ..

### জুরাইনপুর আদর্শ ডিগ্রি কলেজকে সম্মানসমৃদ্ধ করার দাবি

নিজস্ব বার্তা পরিবেশক : কুমিল্লা জেলার দাউদকান্দি থানার জুরাইনপুর আদর্শ ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুজ্জামানের অপসারণ ও কলেজটিকে সম্মানসমৃদ্ধ করার দাবি জানিয়েছেন কলেজের প্রতিষ্ঠাতা মেজর জেনারেল (অব.) সুবেদ আলী চৌধুরী।

সভাপতির রিপোর্টার ইউনিটিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, ১৯৯০ সালে জুরাইনপুর আদর্শ ডিগ্রি কলেজ প্রতিষ্ঠা করা হয়। এরপর থেকে কলেজটি লেখাপড়াসহ সর্বক্ষেত্রে সুনাম অর্জন করে; কিন্তু গত তত্ত্বাবধায়ক সরকারের সময় কলেজের গভর্নিং বডির সভাপতি মোজ্জাফফর হোসেনকে সরিয়ে কুমিল্লার ডিসিকে সভাপতি করা হয়। এরপর থেকে কলেজের গভর্নিং বডির কোন সভা হয়নি। এছাড়াও কলেজের মূল অধ্যক্ষ আবদুর রহিমকে সরিয়ে একটি কুচক্রী মহল কলেজের জুনিয়র শিক্ষক মনিরুজ্জামানকে নিয়োগ দান করে।